

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ২১০. ২০১৬-

১৩২৬

তারিখঃ

১৭/৭/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-৩১৭০/২০১৬ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ১৮-০৪-২০১৬খ্রিঃ তারিখের ৫৫৬ সংখ্যক আৱক।

রংপুর জেলার মিঠাপুকুর উপজেলা পরিষদ চেয়ারম্যান এর প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা উপজেলা নির্বাহী অফিসারকে প্রদান সংক্রান্ত এ বিভাগের উপজেলা-১ শাখার পত্রকে চ্যালেঞ্জ করে সংশ্লিষ্ট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল হালিম মন্ডল বাদী হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে ৩১৭০/২০১৬নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত কর্তৃক গত ১৬-০৩-২০১৬খ্রিঃ তারিখে উক্ত আদেশ ০৩(তিন) মাসের জন্য স্থগিতাদেশ প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বিষয়ে বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব
☎ ৯৫৪০৯৯৫

Email:ishanaliraja@gmail.com

জনাব সালাউদ্দিন ইফ্ফান্দার (কিং)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।